গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২২.১৪.০৩৭.১৮.১৯

তারিখ: ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

প্রাপক:
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ৪৫, পুরানো পল্টন, ঢাকা।

বিষয়: **"কিশোরগঞ্জ জেলার হাওর এলাকার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর অর্থাৎ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।**

সূত্র: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পত্র নং-২১.০০.০০০০.১৫৪.১৬০.০১৪.০৩৯.১৮-২৩৭, তারিখ: ১২/০১/২০২৩।

আমি নিম্নস্বাক্ষরকারী, নির্দেশক্রমে ০১ জানুয়ারি ২০২০ থেকে ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত মেয়াদে ৩৯৩৪১.০৫ লক্ষ (তিনশত তিরানব্বই কোটি একচল্লিশ লক্ষ পাঁচ হাজার) টাকা (সম্পূর্ণই জিওবি) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন "কিশোরগঞ্জ জেলার হাওর এলাকার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন নিম্নোক্ত শর্তে জ্ঞাপন করছি:

**সুপারিশ:**

(ক) ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিত করতে হবে;

(খ) প্রকল্পটি 'বি' ক্যাটাগরি বিধায় অর্থ বিভাগের নির্দেশনামতে ২০২২-২৩ অর্থ বছরে ৭৫% অর্থ বরাদ্দের মধ্যে চলমান কাজগুলোকে অগ্রাধিকার দিয়ে সমাপ্তি করার উদ্যোগ নিতে হবে;

(গ) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ সাইট এখনও ঠিকাদারকে বুঝিয়ে দেয়া হয়নি সে সকল সাইট ঠিকাদারকে সত্বর বুঝিয়ে দিয়ে নির্মাণ কাজ শুরু করতে হবে;

(ঘ) প্রকল্পের চলমান ভৌত কাজ ত্বরান্বিতকরণের লক্ষ্যে নিয়োজিত ঠিকাদারের মবিলাইজেশন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঙ) নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে এবং এলক্ষ্যে মন্ত্রণালয়/সংস্থার তদারকি জোরদার করতে হবে;

(চ) প্রকল্প সম্পর্কিত তথ্যাদি আইএমইডি'র পিএমআইএস (PMIS)-এ হালনাগাদ এন্ট্রি করে এ সম্পর্কিত তথ্য আইএমইডি'তে প্রেরণ করতে হবে;

(ছ) প্রকল্পটি সমাপ্ত ঘোষণার পর যথাসময়ে (প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

আপনার বিশ্বস্ত,

৩০-১-২০২৩

এস. এম. ইমরুল হাসান
উপসচিব
ফোন: ৫৫১০০২৭২
ইমেইল:
planning.sec2@shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২২.১৪.০৩৭.১৮.১৯/১(১০)

তারিখ: ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৫) অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৬) প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৮) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৯) প্রকল্প পরিচালক,“কিশোরগঞ্জ জেলার হাওর এলাকার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন” শীর্ষক প্রকল্প।

১০) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩০-১-২০২৩

এস. এম. ইমরুল হাসান
উপসচিব